

# অ্যাসেম্বলি সদস্য স্টিভেন বি. রাগা (STEVEN B. RAGA)

## জনগণের কাছে প্রতিবেদন

বসন্ত 2026

**প্রিয় প্রতিবেশীগণ,**

আশা করি এই নিউজলেটারটি পাওয়ার সময়ে আপনি ভালো আছেন!

উডসাইড, এলমহার্স্ট, মাসপেথ, জ্যাকসন হাইটস এবং এর বাইরের আমাদের কমিউনিটিগুলির পাশাপাশি আপনাদের সেবা করতে পেরে সম্মানিত বোধ করছি।

প্রতিদিন, সরকারী পরিষেবাগুলিকে মানুষের জন্য আরও সহজলভ্য এবং ওয়েস্টার্ন কুইন্সের মানুষের প্রয়োজনের প্রতি আরও সংবেদনশীল করে তুলতে আমাদের অফিস কাজ করছে। রাজ্যের সংস্থাগুলির সাথে সমস্যা সমাধানে প্রতিবেশীদের সাহায্য করা, বাসিন্দাদের বিভিন্ন সহায়তার সাথে যুক্ত করা, বা আমাদের কমিউনিটিগুলিতে উপস্থিত থাকা, আমরা যাই করি না কেন, আমাদের লক্ষ্য সহজ: বাস্তব সহায়তা প্রদান করা এবং যাতে আপনাকে একা এই ব্যবস্থার পথ খুঁজে নিতে না হয় তা নিশ্চিত করা।

এই নিউজলেটারটি ডিস্ট্রিক্ট জুড়ে বিভিন্ন সাম্প্রতিকতম তথ্য তুলে ধরে এবং মনে করিয়ে দেয় যে আমাদের অফিস আপনার পাশেই রয়েছে। **যদি আপনার সাহায্যের প্রয়োজন হয় বা কোনো প্রশ্ন থাকে, তাহলে আমাদের সাথে ad30@nyassembly.gov অথবা 718-651-3185 নম্বরে যোগাযোগ করুন।**

**এখানে স্ক্যান করুন**

আমরা আপনার মতামত জানতে চাই — আমাদের কমিউনিটি সমীক্ষাটি পূরণ করুন!

শুভেচ্ছান্তে,

স্টিভেন বি. রাগা (Steven B. Raga)
অ্যাসেম্বলি সদস্য
30তম অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট

আমাদের ইমেল তালিকায় যোগ দিন
আসন্ন ইভেন্ট এবং আমাদের অফিসের কার্যক্রম সম্পর্কে আরও ঘন ঘন আপডেট পেতে, আমাদের ই-মেল নিউজলেটারে সাইন আপ করুন
**https://nyassembly.gov/mem/Steven-Raga/enews/**

অনুবাদ উপলভ্য আছে
*Español* · 中文 · বাংলা
https://nyassembly.gov/mem/Steven-Raga/postings/

**ডিস্ট্রিক্ট অফিস**
60-14 Queens Blvd., Lower Level
Woodside, NY 11377
718-651-3185

**আলবানি অফিস**
744 Legislative Office Building
Albany, NY 12248
518-455-4755

ad30@nyassembly.gov

# আমাদের কার্যক্রম




আমরা ACE-এর সাথে আমাদের অংশীদারিত্বের জন্য কৃতজ্ঞ, যা অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট 30 পরিষ্কার রাখতে সাহায্য করার পাশাপাশি নিউ ইয়র্কবাসীদের জন্য সবৈতনিক চাকরির সুযোগ তৈরি করে। এই অংশীদারিত্বের মাধ্যমে, আমাদের অফিস প্রবীণ এবং অক্ষমতা আছে ও সীমিতভাবে চলাফেরা করতে পারেন এমন বাসিন্দাদের জন্য বিনামূল্যে বরফ সরানোর ব্যবস্থা করতেও সাহায্য করেছে।




আমাদের অফিস কুইন্স ইকোনমিক ডেভেলপমেন্ট কর্পোরেশন, কনসোর্টিয়াম ফর ওয়ার্কার এডুকেশন, এবং অ্যাস্টোরিয়া ওয়ার্কার প্রোজেক্টের সাথে একটি অলাভজনক প্রশিক্ষণ কর্মশালারও আয়োজন করেছিল।



আমাদের 3য় বার্ষিক সিনিয়র ভ্যালেন্টাইনস ডে কার্ড তৈরির সমাবেশে 40 জনেরও বেশি স্বেচ্ছাসেবী আমাদের ডিস্ট্রিক্ট অফিসে যোগ দিয়েছিলেন। আমরা একসাথে উডসাইড, জ্যাকসন হাইটস, এলমহার্স্ট এবং মাসপেথ জুড়ে আমাদের প্রবীণ প্রতিবেশীদের জন্য প্রায় 900টি কার্ড তৈরি করেছি।



উইমেন্স হিস্ট্রি মাস চলাকালীন এই বছরের 'উইমেন অফ ডিসটিংশন সেলিব্রেশন' আয়োজন করতে পেরে আমরা গর্বিত, যেখানে সেইসব নেতৃবৃন্দকে সম্মানিত করা হয়েছে যাদের সেবা এবং সমর্থন অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট 30-কে ক্রমাগত শক্তিশালী করে চলেছে।

## আসন্ন ইভেন্টগুলি

আগামী মাসগুলিতে অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট 30 জুড়ে আরও কমিউনিটি ইভেন্ট এবং কার্যক্রমের জন্য আমাদের অফিস আগ্রহের সঙ্গে অপেক্ষা করছে:

- **2026 সালের মে মাসে,** আমরা AANHPI হেরিটেজ মান্থ উদযাপন করব এবং সেইসব কমিউনিটিকে সম্মান জানাব যারা ওয়েস্টার্ন কুইন্সকে শক্তিশালী ও প্রাণবন্ত করে তুলতে সাহায্য করে।
- **2026 সালের 14ই জুন,** আমরা আরও দুটি আসন্ন ইভেন্টের পরিকল্পনা করছি: আমাদের ব্যাকপ্যাক গিভঅ্যাওয়ে এবং বিগ বুশ কনসার্ট।
- **RSVP বিবরণ এবং আসন্ন আরও কমিউনিটি ইভেন্টের জন্য bit.ly/amragaevents-এ চোখ রাখুন।**

**আমাদের অফিসের কমিউনিটি ইভেন্টগুলির জন্য নজর রাখুন**

bitly

# ডিস্ট্রিক্ট জুড়ে

আমরা অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট 30 জুড়ে প্রতিবেশীদের সাথে সংযোগ স্থাপন করছি, পরিষেবা প্রদান করছি এবং প্রতিদিন আমাদের কমিউনিটির পাশে থাকছি।

- **এই কর মরশুমে, আমাদের কার্যালয় শত শত প্রতিবেশীকে বিনামূল্যে তাদের ট্যাক্স ফাইল করতে সাহায্য করেছে, যার ফলে কর্মজীবী পরিবারগুলির হাতে অর্থ ফিরে এসেছে।**
- **ACE-এর সাথে আমাদের অংশীদারিত্বের মাধ্যমে, আমরা উডসাইড, এলমহার্স্ট, জ্যাকসন হাইটস এবং ম্যাসপেথ জুড়ে আমাদের রাস্তাগুলিকে পরিষ্কার ও প্রাণবন্ত রাখতে পেরেছি।**




*আমরা সম্প্রতি আমাদের ডিস্ট্রিক্ট অফিস উডসাইডে স্থানান্তর করেছি, যা ডিস্ট্রিক্টের সকল প্রতিবেশীদের জন্য পরিষেবা এবং সহায়তা পাওয়া আরও সহজ করে তুলেছে।*



*অন্যান্য নির্বাচিত কর্মকর্তাদের সাথে, আমি অভিবাসী নিউ ইয়র্কবাসীদের জন্য স্বচ্ছতা এবং মানবিক পরিস্থিতি নিশ্চিত করতে 26 ফেডারেল প্লাজার আটক কেন্দ্রে প্রবেশের আহ্বান জানিয়েছিলাম।*




*চাঁদ রাত পালন এবং ঈদ আল-ফিতরের সূচনা উদযাপনে উডসাইড এবং জ্যাকসন হাইটসের প্রতিবেশীদের সাথে যোগ দিতে পেরে আমিও আনন্দিত।*




*CUNY-এর একজন অধ্যাপক এবং গর্বিত প্রাক্তন ছাত্র হিসেবে, আমি পিপলস ইউনিভার্সিটির ভবিষ্যতের জন্য লড়াইরত ছাত্র, শিক্ষক এবং কর্মীদের পাশে আছি।*

# আমাদের অফিস যে কাজগুলিতে সাহায্য করতে পারে

**আমরা সরকারী সেবাকে আপনার জন্য কার্যকর করে তুলি।**
আমরা আমলাতান্ত্রিক জটিলতা দূর করতে, সমস্যার সমাধান করতে এবং আপনার প্রয়োজনীয় পরিষেবাগুলির সাথে আপনাকে সংযুক্ত করতে সাহায্য করি।

আমাদের অফিস শহর এবং রাজ্য-সম্পর্কিত বিভিন্ন ধরনের পরিষেবা দিয়ে সাহায্য করার জন্য এখানে রয়েছে, যার মধ্যে আছে:

- **সরকারী সংস্থাগুলির সাথে কাজ করা এবং উপলভ্য সংস্থানগুলি ব্যবহার করা**
- **শহর বা রাজ্য সংস্থাগুলির সাথে বিলম্ব, সমস্যা সমাধান করা বা ফলো-আপ করা**
- **সুবিধাগুলির জন্য আবেদন করা বা সেগুলির খোঁজখবর নেওয়া**
- **আবাসন সহায়তা, যার মধ্যে রয়েছে ভাড়াটেদের সহায়তা এবং বাড়ির মালিকদের জন্য কর্মসূচি**
- **সরকারী সুবিধা সংক্রান্ত নির্দেশনা, যার মধ্যে রয়েছে SNAP, ওয়ান শট ডিল (One Shot Deal), SCRIE/ DRIE, এবং HEAP**
- **বিশ্বস্ত অভিবাসন আইনি পরিষেবা প্রদানকারীদের কাছে রেফারেল**
- **স্বাস্থ্যসেবা এবং সামাজিক পরিষেবা সংস্থানগুলির সাথে সংযোগ স্থাপন**
- **প্রবীণ, পরিবার এবং যুবাদের জন্য উপলভ্য কর্মসূচি এবং পরিষেবা সম্পর্কিত তথ্য**




আপনি যদি নিশ্চিত না হন যে কোথা থেকে শুরু করবেন, তাহলে যোগাযোগ করুন — আমাদের দল আপনাকে সাহায্য করার জন্য এখানে আছে।

অ্যাসেম্বলি সদস্য স্টিভেন বি. রাগা (Steven B. Raga)
60-14 Queens Blvd., Lower Level
Woodside, NY 11377

**PRSRT STD.**
U.S. POSTAGE
**PAID**
ALBANY, NEW YORK
PERMIT NO. 75



*অ্যাসেম্বলি সদস্য*

# স্টিভেন বি. রাগা (STEVEN B. RAGA)

## জনগণের কাছে প্রতিবেদন

**বসন্ত 2026**

## অ্যাসেম্বলি সদস্য স্টিভেন বি. রাগা (STEVEN B. RAGA)



## অফিসের তথ্য

ডিস্ট্রিক্ট অফিস: 60-14 Queens Blvd., Lower Level, Woodside, NY 11377
অফিসের সময়: সোমবার – শুক্রবার, সকাল 9টা – বিকাল 5টা
ফোন: 718-651-3185 • 718-651-3027
ইমেল: ad30@nyassembly.gov